

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১১৯

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১০৮. পদব্রজে হজ্জ করা

بَابُ الْحَجُّ مَاضِيًّا

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ حَفْصٍ الْأَبْلَيُّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ يَمَانٍ، عَنْ حَمْزَةَ بْنِ حَبِيبٍ الزَّيَّاتِ،  
عَنْ حُمَرَانَ بْنِ أَعْيَنَ، عَنْ أَبِي الطَّفَيْلِ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ حَجَّ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ - وَأَصْحَابُهُ مُشَاةً مِنَ الْمَدِينَةِ إِلَى الْمَكَّةِ وَقَالَ " ارْبُطُوا أَوْسَاطَكُمْ بِأَزْرِكُمْ ".  
وَمَشَى خِلْطَ الْهَرْوَلَةِ .

বাংলা

১/৩১১৯। আবু সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ  
মদীনা থেকে মকায় পদব্রজে গিয়ে হজ্জ করেন এবং তিনি বলেনঃ নিজেদের কোমরে পরিধেয় বস্ত্র বেঁধে নাও।”  
তিনি কিছুটা দ্রুত গতিতে পথ অতিক্রম করেন।

## English

It was narrated that Abu Sa'eed said:

“The Prophet ﷺ and his Companions performed Hajj walking from Al-Madinah to Makkah. He said: ‘Tie your lower garments around your waists,’ and he alternated between walking and jogging.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীক আলা ইবনু খুয়ায়মাহ ২৫৩৫, যইফাহ  
২৭৩৪।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াহইয়া বিন ইয়ামান সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন,  
তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। আবু হাতিম বিন হিব্রান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল

করেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হজ্জাহ ছিলেন না তিনি দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য হবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহফীবুল কামালঃ রাবী নং ৬৯৫৩, ৩২৫৫ নং পৃষ্ঠা) ২. হামযাহ বিন হাবীব আয়-যায়্যাত সম্পর্কে আবুল ফাতহ আল-আয়দী বলেন, তিনি সত্যবাদী তবে তার স্মৃতিশক্তি দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। যাকারিয়া বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে তার স্মৃতিশক্তি দুর্বল। ইয়াহইয়া বিন মাঝিন তাকে সিকাহ বলেছেন। (তাহফীবুল কামালঃ রাবী নং ১৫০১, ৭/৩১৪ নং পৃষ্ঠা) ৩. হুমরান বিন আ'ইয়ান সম্পর্কে আবু হাতিম আর-রায়ী তাকে শায়খ হিসেবে উল্লেখ করেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি রাফিদী মতাবলম্বী। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি শীয়া মতাবলম্বী। আহমাদ বিন শায়বাহ আন-নাসাঈ বলেন, তিনি সিকাহ নন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল ও রাফিদী মতাবলম্বী। ইয়াহইয়া বিন মাঝিন তাকে দুর্বল বলেছেন। (তাহফীবুল কামালঃ রাবী নং ১৪৯৭, ৭/৩০৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44083>

⌚ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন